

সমাবেশে যোগ দিতে এসে পশ্চিমধ্যে নারীদের যৌন নিপীড়ন :

হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি)-এর তীব্র নিন্দা ও গভীর উদ্বেগ

৭ মার্চের ভাষণ উপলক্ষে আওয়ামী লীগের ডাকা সমাবেশে যোগ দিতে আসা একদল লোকের দ্বারা পশ্চিমধ্যে একজন কিশোরী সহ অনেক নারী বর্বরোচিতভাবে যৌন নির্যাতনের শিকার হবার ঘটনায় হিউম্যান রাইটস ফোরাম বাংলাদেশ (এইচআরএফবি) তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছে।

সামাজিক মাধ্যম এবং পরবর্তী সময়ে বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত তথ্য অনুযায়ী, ৭ মার্চ দুপুরে বাংলামোটরে বাসের জন্য দাঁড়িয়ে থাকার সময় সমাবেশে যোগ দিতে আসা একদল তরুণ একজন কিশোরী ছাত্রীকে নির্লজ্জ ও বর্বরোচিতভাবে যৌন নির্যাতন করেছে। নির্যাতনের শিকার উক্ত কিশোরীর মত একই ভাবে আরো কয়েকজন নারী সেদিন সমাবেশে যোগ দিতে আসা লোকদের দ্বারা যৌন নিপীড়নের শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে।

সাম্প্রতিক কয়েক বছরে জন সমাগমে এ ধরনের যৌন নিপীড়নের ঘটনার বিভিন্ন সংবাদ আমরা পাচ্ছি, যা অত্যন্ত উদ্বেগজনক। এর পূর্বে পহেলা বৈশাখ উদযাপনকালে আমরা দেখেছি এমন ন্যাক্কারজনক ঘটনা ঘটতে যার সাথে জড়িতদের এখনো চিহ্নিত করে শাস্তি প্রদান করা সম্ভব হয়নি। আমরা এ ধরনের জঘন্য ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আমরা কর্তৃপক্ষের কাছে জরুরী ভিত্তিতে এ ঘটনার সাথে জড়িতদের চিহ্নিত করে দৃষ্টান্তমূলক শাস্তি প্রদানের দাবী জানাই। উক্ত কিশোরীকে নির্যাতনকারীদের হাত থেকে রক্ষা করতে ট্রাফিক পুলিশের এক কর্মী যে ইতিবাচক ভূমিকা রেখেছেন পুলিশ বাহিনী সংশ্লিষ্ট সকলেই যেন এই দৃষ্টান্ত অনুসরণ করেন। দোষীদের বিচারের আওতায় আনার ক্ষেত্রে পুলিশ যেন অভিযুক্তের পরিচয় ও অবস্থানের উর্ধ্ব থেকে সকল প্রকার প্রভাব ও পক্ষপাতিত্ব মুক্ত হয়ে দায়িত্ব পালন করেন তা নিশ্চিত করতে হবে।

Secretariat:

Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207

Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045

Email: ask@citechco.net web: www.askbd.org

Forum Members:

Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mahila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)

Individual Experts: Dr. Hameeda Hossain, Advocate Sultana Kamal, Raja Devasish Roy